# FIRST INFORMATION REPORT

W.B.P.Form No. 27 MP – 178/2017

3325

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Medinipur Sub-Divn. Haldia P.S. Nandigram Year 2017 FIR NO. 224 Date. 17.06.17
2. i) Act I.P.C. Section 447/323/ ii) Act 379/506/34 Sections
2. iii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 820 Time 13:15 hrs.
   b) Occarrence of Offence : Day Saturday Date 06.05.17 Time 07:00 hrs.
   c) Information received Date 17/06/17 Time 13:15
   G. D. No. 820 at the Police Station :
4. Type of information. Written / Oral — Court complaint.
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 08 K.m. South/East J.L.NO-186.
   b) Address – Vill- Madhabpur Anchal – II Block – Nandigram II PS- Nandigram Dist- Purba Medinipur.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /informant :
   a) Name SK. Abdur Rouf.
   b) Father's / Husband's Name Lt. SK. Hesiruddin.
   c) Date/Year of Birth Not noted
   d) Nationality Indian
   e) Address – Vill- Mahammadpur. P.O.- Nilpur Ps- Nandigram, Purba Mdp.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (I) SK. Anisur Rahaman. S/o Lt. SK Ishahak Mahammad
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
   (II) SK. Tabarak (III) SK. Samirul (IV) SK. Tamirul. all S/o SK. Anisur Rahaman. (V) Momena Bibi
9. Particular of properties stolen / involved : (Attach separate sheet, if required) : W/o SK. Anisur Rahaman. all of Vill – Madhabpur P.O.– Nilpur PS– Nandigram. Dist- Purba Medinipur.
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) :
    The original written court complaint which is treated as F.I.R. is attached herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 447/323/379/506/34 IPC.
    I SI Ajay Kumar Mishra, O/C, Nandigram PS.
    register the case and took up the investigation/directed
    SI Tapan Kr. Patra to take up the investigation
    transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Complaint /informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature of the Office-in-charge

Court complaint.

filing - 12/6/2017
GNR - WB [illegible] 0800045 2201[illegible]
Case no - m.p case/178/2017

FIR

# In the Court of L.d. A.C.J.M. at Haldia Purba Medinipur
## Case No- MP 178 /2017

| বাদী | আসামীগণ | স্বাক্ষীগণ |
|---|---|---|
| সেখ আব্দুর রউফ | ১) সেখ আনিসুর রহমান | ১) সেখ মানোয়ার হোসেন |
| পিতা - মৃত সেখ হেসিরুদ্দিন | পিতা - মৃত সেখ ইসাহক মহম্মদ | পিতা - সেখ আব্দুর রউফ |
| গ্রাম - মহম্মদপুর | ২) সেখ তবারক | ২) আরজু বিবি |
| পোঃ- নীলপুর | ৩) সেখ সমিরুল | স্বামী - সেখ সাত্তার |
| থানা - নন্দীগ্রাম | ৪) সেখ জামিরুল | ৩) সৈয়ব আক্তার |
| জেলা - পূর্ব মেদিনীপুর | সকলের পিতা - সেখ আনিসুর রহমান | পিতা - সেখ সাইফুদ্দিন |
| | ৫) মমেনা বিবি | ৪) হালিমা বিবি |
| | স্বামী - সেখ আনিসুর রহমান | স্বামী - মুস্তাক খাঁন |
| | সর্ব্বসাং - মাধবপুর | ৫) জমিলা বিবি |
| | পোঃ- নীলপুর | স্বামী - মোসারফ খাঁন |
| | থানা - নন্দীগ্রাম | সর্ব্বসাং - মাধবপুর |
| | জেলা - পূর্ব মেদিনীপুর | পোঃ- নীলপুর |
| | | থানা - নন্দীগ্রাম |
| | | জেলা - পূর্ব মেদিনীপুর |
| | | ৫) ও.সি. নন্দীগ্রাম থানা ও |
| | | আরও অনেকে |

Received on 17/06/17 at 13.15 hrs and started Nandigram PS Case No- 224/17 Date - 17/06/17 u/s - 447/323/379/506/34 IPC.

17/6/17

Officer-in-charge
NANDIGRAM POLICE STATION
Purba Medinipur

**ঘটনার তারিখ ও সময় ঃ- ইং ০৬/০৫/২০১৭ তারিখ শনিবার আনুমানিক সকাল ৭:০০ টা প্রায়।**

বিনীত নিবেদন এই যে, আসামীগন অত্যন্ত, দুর্দান্ত, দুষ্ট প্রকৃতির, দাঙ্গাবাজ ও কুচক্রী প্রকৃতির ব্যক্তিগণ হইতেছে।

হুজুর আদালতের এলাকাধীন নন্দীগ্রাম থানার অন্তর্গত মাধবপুর মৌজাস্থিত ৩১ দাগে ৯২ ডেঃ পরিমিত ভুমি অধীনের ও অধীনের পুত্র অর্থাৎ ১ নং সাক্ষীর নামিত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি নির্দিষ্ট সীমাচিহ্নে চিহ্নিত রহিয়াছে। উক্ত সম্পত্তিতে আসামীগণের কোনরূপ স্বত্বদখল নাই।

আসামীগণ উক্ত সম্পত্তির কিয়ৎ অংশ জোর জবরনে বেদখল করিবে বলিয়া প্রায় হুমকি দেয়।

অধীন প্রতিবাদ করিলে অধীনকে প্রাণে মারিয়া লাস গায়েব করিয়া দেবে বলিয়া প্রকাশ করে। অধীন আসামীগণের ভয়ে সর্বদা ভীত ও সন্ত্রস্ত্র অবস্থায় থাকি।

ঘটনার তারিখ ও সময়ে আসামীগণ পরস্পর যোগসাজসে কুমতলবে দাঙ্গার সাজে সজ্জিত অবস্থায় অধীনের উক্ত ভূমিতে অনধিকার প্রবেশ করিয়া উক্ত ভূমিতে মাটি কাটিয়া ভিত খনন করিয়া ল্যার্টিন তৈরী করিবার পরিকল্পনা করে। অধীন আসামীগণের উক্তরূপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলে আসামীগণ অধীনকে কুৎসিত ভাষায় গালিগালাজ করত যে যাহার মতো কিল, চড়, ঘুসি ও লাথি মারে। এবং আসামীগণ অধীনকে প্রাণে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া রাখে। সঙ্গে সঙ্গে আসামীগণ অধীনের কাছে থাকা ১,৭০০/- টাকা যে যাহার মতো লইয়া আত্মশাৎ করে। অধীনের চিৎকারে অধীনের পুত্র অর্থাৎ ১ নং সাক্ষী আসিয়া অধীনকে বাঁচাইবার চেষ্টা করিলে আসামীগণ ১ নং সাক্ষীকে ইচ্ছাখুশি কিল, চড়, ঘুসি ও লাথি মারে। সঙ্গে সঙ্গে আসামীগণ ১ নং সাক্ষীকে প্রাণে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া রাখে। সঙ্গে সঙ্গে আসামীগণ ১ নং সাক্ষীর জামার পকেটে থাকা ১,২০০/- টাকা যে যাহার মতো লইয়া আত্মশাৎ করে।

অধীনগণের চিৎকারে পাশাপাশি লোকজন আসিয়া প্রতিবাদ করিলে আসামীগণ অধীনগণকে উচিৎ শিক্ষা দিবে বলিয়া প্রকাশ করে। সঙ্গে সঙ্গে ২ নং আসামী সেখ তবারক ১ নং সাক্ষীকে প্রাণে মারার উদ্দেশ্যে তার হাতে থাকা কুড়োল লইয়া ১ নং সাক্ষীকে ছুঁড়িয়া মারে। ১ নং সাক্ষী প্রণের ভয়ে সরিয়া যাইলে উক্ত কুড়োল ১ নং সাক্ষীর পায়ে পড়িয়া যায়। ফলে ১ নং সাক্ষীর পায়ে মারাত্মক ফোলা-জখম হয়। সঙ্গে সঙ্গে আসামীগণ প্রাণহানির হুমকি দিয়া ঘটনাস্থল ত্যাগ করে। উক্তরূপ মারের ফলে অধীনের ও ১ নং সাক্ষীর শরীরে বিভিন্ন স্থানে ব্যথা, বেদনা, ফোলা, জখম হইয়াছিল। অধীনগণ স্থানীয় এ্যালোপ্যাথিক ঔষধ দোকান হইতে ঔষধ সেবন করিয়া আরোগ্য লাভ করি।

ঘটনার অব্যবহিত পরে ঘটনার বিষয়ে গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণকে জানাই এবং নন্দীগ্রাম থানায় জানাই। যাহার ডায়েরী নং - ৩৭২, তারিখ - ০৬/০৫/২০১৭। গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণ মিমাংসার চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছেন। থানা হইতে কোন মামলা রুজু হয় নাই।

অধীন গত ইং ১২/০৫/২০১৭ তারিখ ডাকযোগে এস.পি. পূর্ব মেদিনীপুরকে জানাইয়াছি।

ঘটনার বিষয়ে যথেষ্ট সাক্ষ্য-প্রমান রহিয়াছি। অপরাপর যাবতীয় বিবরণ পুলিশ তদন্তে প্রকাশ পাইবে।

প্রার্থনা এই যে, অত্র FIR গন্যে সন্তুষ্ট হইয়া ফৌঃ কাঃ বিধি আইনের ১৫৬(৩) ধারামতে নন্দীগ্রাম থানা ভারপ্রাপ্ত পুলিশ কর্মচারী মহাশয়কে তদন্তের আদেশদানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন
12.06.17